গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং -৩৮.০১.০০০০.০০০.১০৭.২৬.০০০২.২৬. ১৯৪৪

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩ / ২৭ সেপ্টেম্বর ২০২৬

বিষয়ঃ সরকারি যানবাহন ব্যবহারে জ্বালানীর নির্ধারিত প্রাপ্যতা বজায় রাখা।

সূত্রঃ ১। সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১২১.০২৬.০০.০০.০৪৮.২০০৪ (অংশ-১)-১০৯, তারিখ-১৩/০৪/২০১০;
২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১২১.২৬.০০৯.১৫-৫৯, তারিখ-১৬/০২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সরকারি যানবাহন জ্বালানী ব্যবহার নীতিমালা অনুযায়ী সিএনজি (গ্যাস) জ্বালানীর প্রাপ্যতা গাড়ি প্রতি মাসিক ৩০০ ঘনমিটার এবং জ্বালানী তেলের প্রাপ্যতা গাড়ি প্রতি মাসিক ১৮০ লিটার। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন যানবাহনসমূহের যেগুলো প্রাধিকারভিত্তিক ব্যক্তিগতভাবে ব্যবহৃত হচ্ছে এবং বিভিন্ন রুটে কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতের জন্য ব্যবহৃত হচ্ছে সেগুলোতে নির্ধারিত বরাদ্দের চেয়ে অতিরিক্ত এবং ক্ষেত্র বিশেষে দ্বিগুণেরও বেশী পরিমাণ জ্বালানী নেয়া হচ্ছে যা সরকারি যানবাহনে জ্বালানী ব্যবহার নীতিমালার পরিপন্থী। তাছাড়াও বরাদ্দের অতিরিক্ত জ্বালানী ব্যবহারের কারণে বিগত অর্থ বছরে বিপুল অংকের অর্থ সংশ্লিষ্ট অডিট আপত্তি উত্থাপিত হয়েছে।

২। এমতাবস্থায়, সরকারি যানবাহন ব্যবহারে নির্ধারিত বরাদ্দ সীমার মধ্যে জ্বালানী গ্রহণের নীতি কঠোরভাবে অনুসরণের জন্য গাড়ী ব্যবহারকারী সকল কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। একই সাথে ইতোপূর্বে গৃহীত বরাদ্দ অতিরিক্ত জ্বালানী পরবর্তী মাসসমূহে সমন্বয় করার জন্য অনুরোধ করা হলো।

২৭/০৯/২৬
মোহাম্মদ কামরুল হাসান, এনডিসি
পরিচালক (প্রশাসন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত সচিব (সংযুক্ত), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৫। নির্বাহী প্রকৌশলী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭। উপপরিচালক (সকল)/অপারেশন ম্যানেজার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৮। সহকারী পরিচালক (সাধারণ-প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৯। সহকারী পরিচালক (সকল)/পরিসংখ্যানবিদ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
১০। গণসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
১২। শিক্ষা অফিসার/গবেষণা কর্মকর্তা/স্টোর অফিসার/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
১৩। জনাব ..... প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা

অনুলিপি: সদয় অবগতির জন্য

১. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. মহাপরিচালক-এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা- মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪)-এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক, পিইডিপি ৪ মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. অফিস কপি।